

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৯২. শরীয়ত সহজ

শরীয়ত বা ইসলামী জীবনের বিধানের দু'টি গুণ হলো, তা সহজ ও সুবিধাজনক যা মু'মিন ব্যক্তিকে শান্তি দেয়।
مَا أَنزَلْنَا عَلَيْكَ الْقُرْآنَ لِتَشْقَىٰ

"(হে মুহাম্মদ!) আমি আপনাকে কষ্ট দেয়ার জন্য আপনার উপর কুরআন অবতীর্ণ করিনি।"

"আর আমি সহজ পথকে (ইসলামকে) আপনার জন্য (আরো) সহজ করে দিব।" (৮৭-সূরা আল আ'লাঃ আয়াত-৮)

لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا

"আল্লাহ কোন ব্যক্তির ওপর তার সাধ্যাতীত বোঝা চাপান না।" (২-সূরা বাকারাঃ আয়াত ২৮৬)

"আর তিনি দ্বীনের ব্যাপারে তোমাদের ওপর কোন কঠোরতা আরোপ করে দেননি।" (২২-সূরা মু'মিনূনঃ আয়াত-৭৮)

"এবং তিনি (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদের থেকে তাদের বোঝা ও তাদের উপর যে শৃঙ্খল ছিল তা দূর করবেন।" (৭-সূরা আল আ'রাফঃ আয়াত-১৫৭)

অতএব নিশ্চয় কঠোরতার পরে স্বস্তি আছে। নিশ্চয় কঠোরতার পরে স্বস্তি আছে।" (৯৪-সূরা ইনশিরাহঃ আয়াত-৫-৬)

আর্থাৎ, একটি কঠোরতার সাথে দু'টি স্বস্তি আছে; সুতরাং একটি কঠোরতা দুটি স্বস্তিকে ছাড়িয়ে যেতে পারে না। [কঠোরতা শব্দটি (ال) যোগে আছে আর স্বস্তি শব্দটি (ال) ছাড়া (يسرى) আছে, সুতরাং আরবী ব্যাকরণ অনুসারে (ال) যোগে কোন একটি শব্দ বহুবার লেখা হলেও নির্দিষ্ট একটিই বুঝায় আর (ال) ছাড়া শব্দ একাধিকবার উল্লেখ হলে প্রতিবার একটি একটি করে বুঝায়; এভাবে (ال) ছাড়া দু'বার উল্লেখিত হওয়াতে দু'টি স্বস্তি (يسرى) বুঝা যায়; পক্ষান্তরে (العسر) সহ দু'বার উল্লেখিত হওয়া সত্ত্বেও দু'টি কঠোরতা (العسر) বুঝা যায় না। -অনুবাদক] "হে আমাদের প্রতিপালক! যদি আমরা ভুলে যাই বা ভুল করি, তবে আপনি আমাদেরকে (শান্তি দেয়ার জন্য) পাকড়াও করবেন না।



হে আমাদের প্রভূ! আমাদের পূর্ববতীদের উপর যেরূপ বোঝা চাপিয়েছিলেন আমাদের উপর সেরূপ বোঝা চাপাবেন না।"

হে আমাদের প্রভু! আর আমাদের উপর এমন বোঝা চাপাবেন না যা বহন করার ক্ষমতা আমাদের নেই। আর আমাদেরকে ক্ষমা করে দিন।

আর আমাদেরকে দয়া করুন। আপনিই আমাদের মাওলা (অভিভাবক), অতএব কাফের সম্প্রদায়ের উপর আপনি আমাদেরকে বিজয়ী করুন।" (২-সূরা বাকারাঃ আয়াত-২৮৬)

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

"ভুল, বিস্মরণ ও জোর-জবরদন্তির কারণে কৃত পাপ আমার উম্মত থেকে ক্ষমা করে দেয়া হয়েছে।" নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

"নিশ্চয় এ দ্বীন সহজ, যখন কেউ এ দ্বীনকে অতি কঠিন করে তখন সে নিজেই ব্যর্থ হয় (অর্থাৎ সে এ দ্বীনকে অতি কঠিন বানাতে পারেনা)।"

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7700

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন